রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/ ১ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৫.২৬.২১৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'কর্মচারীদের বেতনগ্রেড-ভাতা নির্ধারণ ও পরিবর্ধন-পরিমার্জনের বিষয় পর্যালোচনা কমিটি' নিম্নরূপ গঠন করেছে :

১.১। **কমিটির গঠন** :

(১)	মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়	:	**আহ্বায়ক**
(২)	মন্ত্রী, স্বারাষ্ট্র মন্ত্রণালয়	:	সদস্য
(৩)	মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	:	সদস্য
(৪)	মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়	:	সদস্য
(৫)	মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	:	সদস্য
(৬)	প্রতিমন্ত্রী, জনপ্রশাসন ও খাদ্য মন্ত্রণালয়	:	সদস্য।

১.২। **সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব

মূল্য : টাকা ৪.০০

(৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

(৪) সচিব, অর্থ বিভাগ

(৫) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি :**

(১) বেতনস্কেলের অসঙ্গতির বিষয়ে প্রাপ্ত অভিযোগসমূহ বেতন স্কেলের পরীক্ষা-নিরীক্ষান্তে এগুলো নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(২) ভবিষ্যতে বেতনগ্রেড উন্নীতকরণ/অবনমন/সামঞ্জস্য বিধানের বিষয়ে সুপারিশ প্রদান;

(৩) ভবিষ্যতে ঝুঁকিভাতা ও অন্যান্য বিভিন্ন ভাতা নতুন করে প্রদান, ভাতার হার হ্রাস/বৃদ্ধির বিষয়ে সুপারিশ প্রদান; এবং

(৪) এ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় পর্যালোচনান্তে সুপারিশ প্রদান;

১.৪। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৫। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৬। অর্থ বিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ শামীম সোহেল)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd